



# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন DHAKA NORTH CITY CORPORATION

আপনার পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখুন  
আপনার শিশুকে টিকা দিন  
প্রিয়জনকে বই উপহার দিন

সূত্র : ৪৬.২০৭.০০৪.২০.০৭.....২০১৭

তারিখ- ০৯/০৪/২০১৭

## আইনজীবী প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মামলা ও আইনী কার্যক্রম পরিচালনার নিমিত্তে জরুরী ভিত্তিতে আইন বিভাগের অধীনে আইনজীবী প্যানেলভুক্তকরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী বিজ্ঞ আইনজীবীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

১। শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে বি.এ.এল.এল.বি পাস। তবে এল.এল.বি আনর্সসহ স্নাতকোত্তর বা ব্যারিস্টার এট.ল প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

২। ট্রেড লাইসেন্সসহ আইন পেশায় নূন্যতম ১০(দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ঢাকা শহরে নিজস্ব বা ভাড়া চেষ্টার থাকিতে হইবে।

৩। দরখাস্তের সাথে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, বার কাউন্সিলের ও বার এসোসিয়েশনের সদস্য/তালিকাভুক্তির সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। প্রার্থীকে অবশ্যই ইংরেজী ভাষায় পারদর্শী হইতে হইবে।

৪। আবেদনকারীকে আগামী ৩০/০৪/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা-কে সম্মোদনপূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে লিখিত দরখাস্ত পৌছাইতে হইবে।

৫। বিলম্বে প্রাপ্ত এবং অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল হইবে।


৬। তালিকাভুক্ত আইনজীবীগণ কোন প্রকার বেতন ভাতা প্রাপ্য হইবে না। তবে মামলা পরিচালনায় কর্পোরেশন কর্তৃক প্রণীত সিডিউল/নীতিমালা অনুযায়ী ধার্যকৃত ফিস ও অন্যান্য খরচাদি প্রাপ্য হইবেন।

৭। হাইকোর্টে ও সুপ্রীম কোর্টের মামলা পরিচালনায় ক্ষেত্রে আইনজীবীগণ 'এ' গ্রেড এবং অন্যান্য আদালতের মামলা পরিচালনার ক্ষেত্রে আইনজীবীগণ 'বি' গ্রেডে প্যানেলভুক্ত হইবেন।

৮। যে সকল আইনজীবী ইতঃমধ্যে দরখাস্ত দাখিল করেছেন তাদের নতুন করে দরখাস্ত দাখিলের প্রয়োজন নেই।

৯। যে সকল আইনজীবী ডিএনসিসিতে SF প্রস্তুতের কাজে নিয়োজিত রয়েছেন তাদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

১০। কোন কারন দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করিবে।

  
এস.এম.মাসুদুল হক  
আইন কর্মকর্তা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
ফোনঃ ৯৮৫৫৬৪০

### অনুলিপিঃ

- ১। সভাপতি/সাধারণ সম্পাদক, সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশন। (বিজ্ঞপ্তি তার নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)
- ২। সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা আইনজীবী সমিতি। (বিজ্ঞপ্তি তার নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)
- ৩। সিস্টেম এ্যানালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধসহ)
- ৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তার একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। আইন বিভাগের নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।